



অষ্টম প্রকাশে ঈশানের কথা

৮ আগস্ট ২০২০

অনেক কিছু বলার থাকে, কিন্তু বলার ইচ্ছেটা থাকে না। হারিয়ে যায়। এরকম প্রায়ই ঘটে। এরকম এখনও ঘটছে।

একদিকে করোনা সংক্রমণের তীব্রতা, অন্যদিকে স্বাস্থ্য পরিকাঠামোর এবং প্রশাসনিক সীমাবদ্ধতার নগ্ন রূপের প্রকাশ। স্বাস্থ্যমন্ত্রীর পরিশ্রম এবং সদিচ্ছার প্রতি সম্মান জানিয়েও বলতে হয়, জনগণ আর আশ্বস্ত নন। ব্যবস্থাপনার দুরবস্থার জন্য লহমায় চলে যাচ্ছে একের পর এক প্রাণ। তারপরও শেষ হচ্ছে না পরিবারের দুর্ভোগ। কোথাও স্ত্রী-সন্তান কোয়ারান্টিন সেন্টারে আটক, আর হাসপাতালে স্বামীর মৃত্যু। দুদিন/তিনদিন পরও অন্ত্যেষ্টির সুরাহা হচ্ছে না। মৃত্যু করোনা আক্রান্ত হয়ে কি না, তার সদুত্তর পেতেও অপেক্ষা করতে হচ্ছে। আবার কোথাও তথাকথিত প্রটোকল-এর গ্যাডাকলে পড়ে বিনা চিকিৎসায় প্রাণ যাচ্ছে রোগীর। না, কোন কম্পকাহিনী বা দোষারোপ নয়, এসবই বাস্তব ঘটনা। আর এর অসহায় ভুক্তভুগী আমরাই। গত কয়েক দিনে শিলচর মেডিক্যাল কলেজেই পরপর ঘটে গেল এরকম ঘটনা।

আবার শোনা যাচ্ছে এই মহামারীর কল্যাণে এই আর্থিক দুরবস্থায়ও কিছু লোকের উত্তরোত্তর শ্রীবৃদ্ধিও ঘটছে। পাচ্ছে। আর তারই ফাঁকে, থেকে থেকেই মানুষরূপী দ্বিপদীর নৃশংশ পরিচয় প্রকাশ পাচ্ছে। সোনাই বিধানসভা সমষ্টির কাজিডহর এলাকায় ঘটে যাওয়া নৃশংস ঘটনা আমাদের আবার বজ্রাহত করল। ৫মাসের ছোট শিশুটিকে অপহরণের পর কেন এভাবে খুন করল অপরাধীরা, তা অনুসন্ধান স্পষ্ট হবে। কিন্তু এই ঘটনা, এরকম ঘটনা বারবার আমাদের অনেকগুলো প্রশ্নের মুখে দাঁড় করিয়ে দেয়। ধর্মণের মতই বর্বর, পাশবিক এরকম কার্যকলাপের চরম শাস্তি কি মৃত্যুদণ্ড! সামাজিক মাধ্যমে বিতর্ক চলছে। এর পাশাপাশি আরেকটা গুরুত্বপূর্ণ এবং আশঙ্কাজনক বিষয় হল-- আমাদের খুব কাছের সমাজে পেশাদার শিশু অপহরণকারীর নিঃশব্দ শ্বাপদ বিচরণ। আর এই মানসিকতা। অপরাধীরা তো সমাজ থেকেই উঠে আসে। আমাদের সমাজে আমাদের দ্বারা পুষ্ট কোনও ত্রুটিই কি এই মানসিকতার জন্ম দিচ্ছে! তলিয়ে দেখার সময় এসেছে। তৃতীয়তঃ, সামাজিক সুরক্ষা ব্যবস্থা। যদিও এই ঘটনার অপরাধী ধরা পড়েছে। এবং এর জন্য পুলিশ প্রশাসনকে ধন্যবাদ জানিয়ে প্রকাশিত হল এবারের 'অল্পজান'। তার সাথে সম্প্রতি ঘনিয়ালা-মালুগ্রাম অঞ্চলে সাম্প্রদায়িক শান্তি বজায় রাখার প্রশাসনিক প্রচেষ্টাকেও সাধুবাদ জানাই। কিন্তু, এখনো তো খোঁজ নেই তপোবন নগর, মালিনী বিল-এর অপহৃত সুপ্রিয়া-সুব্রত নামের দুই শিশুর। খোঁজ নেই আসাম বিশ্ববিদ্যালয় কাণ্ডের নেহা বাকতির। সময়ের সাথে সব ঘটনাই স্তিমিত হয়ে যায়। আরেকটা ঘটনার দরকার হয় আমাদের সুপ্ত বিবেককে কিছুদিনের জন্য জাগ্রত করতে। তবু, এই রাজ্যের পুলিশ প্রধান ভাস্কর জ্যোতি মহন্ত-এর কাছে জনগণের আশা অনেক। তাঁর পরিচয় একজন দক্ষ প্রশাসক ও বিচক্ষণ ব্যক্তি হিসেবে। তিনি সংস্কৃতি জগতেরও লোক। আমরা আশা রাখি তিনি এই অপরাধের মূল কারণ যথাযথ অনুসন্ধান করে অপরাধীর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে পারবেন এবং পূর্বের অমীমাংসিত কেসগুলির ক্ষেত্রে সংবেদনশীলতার পরিচয় রাখবেন।

অন্যদিকে, এই করোনাকালীন সময়েও, বেঙ্গল কেমিকেলস-এর 'কালো ফেনাইল'-এর যাত্রা অব্যাহত। তবে এই প্রতিষ্ঠানটির পরিচয় এখানেই সীমাবদ্ধ নয়। এর রয়েছে এক গৌরবজনক ইতিহাস। এর প্রতিষ্ঠাতা ছিলেন বাঙালি মেধার আরেক উজ্জ্বল জ্যোতিষ্ক, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়। গত ২ আগস্ট ছিল তাঁর জন্মদিন। বাঙালির বিজ্ঞান চর্চার পুরোধা এই মহান ব্যক্তিত্বকে আমাদের সশ্রদ্ধ প্রণাম। তাঁকে স্মরণ করলেন কৃশানু ভট্টাচার্য।

দিলীপ কান্তি লক্ষরের ২১শে জুলাইয়ের ভাষা আন্দোলন-এর উপর লেখার তৃতীয় কিস্তি এবার প্রকাশিত হল। সঙ্গে আছে আমাদের নিয়মিত লেখকদের রচনা। নতুন শিক্ষানীতি নিয়ে বিতর্ক দানা বাঁধছে। ধ্রুপদী ভাষার সূচিতে বাংলার অনুপস্থিতি আখেরে লাভজনক কি না, বিতর্ক তা নিয়েও। এই শিক্ষানীতির উপর এবার লিখেছেন বি.টেক পড়ুয়া অনিক চক্রবর্তী। পাঠকের মতামত বিভাগে এবারে মেঘালয়ের রাজ্যপাল তথাগত রায়ের বক্তব্যের পক্ষে-বিপক্ষে লিখেছেন বিশিষ্ট লেখক সমর বিজয় চক্রবর্তী ও চিন্তাবিদ/সমাজকর্মী জয় মুখার্জি।

গত সপ্তাহে ঈশান কথার লাইভ অনুষ্ঠান ছিল (বিশেষ করে) এই উপত্যকার উপর করোনা মহামারীর আর্থিক প্রভাব নিয়ে। প্রাঞ্জলভাবে মতামত ব্যক্ত করার জন্য অনুষ্ঠানের দুই অতিথি আসাম বিশ্ববিদ্যালয় এর ড.নিরঞ্জন রায় ও জে,এন,ইউ-র ড.রাখী ভট্টাচার্য-এর কাছে আমরা কৃতজ্ঞ।

২২শে শ্রাবণে ওদের মত করে কবিগুরুকে শ্রদ্ধা জানাল ছোটরা। আবৃত্তি করল সোহিনী, অর্চিমান ও লামডিং-এর জ্যোতিস্মিত। জীবনে ওঠানামা, হাসি-কান্না, সুখ-দুঃখ থাকবেই। এটাই জীবন। বা সিলেটিতে বললে, জীবন আসলে 'রঙ্গ রসর গফ'। তাই, এই গুমোট আবহাওয়ায় একরাশ হাসির ডালি নিয়ে আবার হাজির রঙ্গ রসর গফ-এর কলাকুশলিরা। এবার থেকে নিয়মিত থাকবে ওদের নতুন নতুন নকশা। ওদের প্রতি রইলো শুভেচ্ছা ও অশেষ ধন্যবাদ।

সবাই খুশি থাকুন, সুস্থ থাকুন।

As apprehended, the community spreading is at its peak. It was known that we have a poor health infrastructure, but what this intensity of spreading has revealed is the inadequacy of proper planning as well as misuse of the rules & regulations. Considering the situation as unprecedented, and also admiring the good will of the Health Minister of the state and also acknowledging the effort he has exerted so far, still it appears that the preparation had to be more precise. By now people have begun to lose confidence, they are no more convinced by mere announcements. Lack of dedication and sincerity of some workers, both from health and administrative sectors, is taking away number of lives in the name of so called 'protocol'. Death toll is increasing — alas! we are not talking about the Covid19 patients, we are talking about general patients who are being pushed to succumb to the system and giving their lives without proper treatment. And sometimes no treatment at all. There are incidents where guardian of the family expires in the hospital while wife and child are at quarantine center. It takes two to three days, sometimes even more to get the cremation done, wholly for the loopholes of the system. Moreover, the reason of death is also not shared with the family in time. Recent incidents of the Medical College Hospital, SMCH of the town are also very sad. Number of casualties occurred due to this protocol. In the midst of all these, taking the pandemic as an opportunity of moneymaking, a section of the society is getting wealthier by their ill and dishonest practices and business. Administration should now implement and do justice to the much publicized zero tolerance policy.

Recent kidnapping and brutal murder of the five months old child at Kazidahar area of Sonai Assembly Constituency again shocked the valley. This mournful incident again attracted people to raise voice in favor of capital punishment in social media. It is also time to evaluate our grooming system. We should remember and understand that despite all our established standards, society is producing such criminals also. Present DGP of the state is known as an able officer. We are hopeful that Mr. Bhaskar Jyoti Mohanta and his team will be successful to find out the actual reason of the crime and will ensure exemplary punishment for the culprit at the earliest. We also demand and seek his attention to the unsolved missing cases of two children Supriya-Subrata of Malinibil, Silchar and Neha Bakti of Assam University kidnapping case. Hope, those families will also get justice soon.

This month is 'August' in many ways. 1st week of the month has two special days while 8th August marks the beginning of Quit India Movement. Foreign invaders are no more, but a lot have to be done to eradicate the other nuisances of the society. Honorable Prime Minister also gives a clarion call to the nation for 'Swachh Bharat' today. 2nd August was the birthday of Acharya Prafulla Chandra Roy-- a great Scientist, Entrepreneur and fore seers and founder of Bengal Chemicals. Krishanu Bhattacharjee writes in his honor. Regular columns are also there. Archisman, Jyotismrit and Sohini give their tribute to Gurudev Rabindranath Tagore on his death anniversary in their own ways.

Our last week live program was on the affect of Covid19 pandemic on the economy of our region. We convey our gratitude to Dr. Niranjana Roy, Assam University and Dr. Rakhee Bhattacharjee, J.N.U for their valuable views.

The nationwide debate on New Educational policy is on. Absence of Bengali in the list of classical languages is another point of discussion. In this issue, B-Tech student Anik Chakraborty writes about this new Educational Policy. In continuation of the debate on Governor Tathagata Roy's comment in our reader's segment, we have write ups of noted columnist Samarbijoy Chakraborty and social activist Joy Mukherjee.

Amidst this gloomy atmosphere, we are glad to announce that popular comic series in Sylheti 'RONGO ROSOR GOF' is back. We shall have regular and new episodes of their caricature on our platform. We are very much thankful to the team and wish them all the best. Let's all smile and hope for the best.

© Ishan Kotha